The Business Standard
18 JUL 2026

EU, G77 back Bangladesh's case for LDC graduation extension

ECONOMY - BANGLADESH

TBS REPORT

The European Union (EU) and the Group of 77 and China (G77) have reaffirmed their support for Bangladesh's efforts to secure a smooth, sustainable and irreversible graduation from the Least Developed Country (LDC) category, including its request for a three-year extension to the preparatory period.

The assurances came during separate meetings at the UN headquarters between Commerce Minister Khandakar Abdul Muktadir, EU Ambassador to the UN Stavros Lambrinidis and G77 Chair and Uruguay's Permanent Representative to the UN, Ambassador Laura Dupuy Lasserre, reports UNB.

According to Bangladesh's Permanent Mission to the UN, the commerce minister outlined the government's request for a three-year extension, citing the country's ongoing economic and political transition, global economic uncertainty, energy challenges and the need to consolidate structural reforms.

He said the government remained committed to strengthening governance, reforming the financial sector, expanding infrastructure, boosting domestic resource mobilisation and creating a more investment-friendly business environment.

The minister said the additional time would help consolidate reforms, improve industrial competitiveness, address infrastructure constraints and ensure Bangladesh's graduation remains smooth and sustainable.

I SEE PAGE 4 COL 5

CONTINUED FROM PAGE 3

Ambassador Lambrinidis welcomed Bangladesh's reform agenda, praised its commitment to good governance and sustainable development, and reaffirmed the EU's support for the country's graduation.

He also welcomed the launch of discussions on a Bangladesh-EU Free Trade Agreement (FTA) and stressed the importance of stronger public-private cooperation during the transition.

Ambassador Lasserre acknowledged the strength of Bangladesh's case for an extension, endorsed the government's reform agenda and reiterated the G77's support.

She also proposed a dedicated briefing for G77 member states on Bangladesh's graduation strategy, which the Bangladesh delegation welcomed.

The minister was accompanied by State Minister for Planning Zonayed Saki, Economic Relations Division Secretary Md Shahriar Kader Siddiky, Bangladesh's Permanent Representative to the UN Ambassador Salahuddin Noman Chowdhury, BGMEA President Mahmud Hasan Khan, and Footwear, Leathergoods, and Accessories Exporters' Association President Syed Nasim Manzur.

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
বাণিজ্য উন্নয়ন ব্যুরো

The Financial Express
18 JUL 2026

EU, G77 back country's bid for smooth LDC graduation

FE REPORT

Dhaka on move for cutoff time deferment for irreversible transition on full preparation

Country's ongoing politico-economic transition, global economic uncertainty, energy challenges, need for consolidating structural reforms cited in seeking 3-yr time extension

A big backing comes from the European Union (EU) and the Group of 77 and China (G77) to Bangladesh in its try for smooth, sustainable and irreversible graduation from the least- developed country (LDC) category with extended time.

According to a government news release issued Friday, the assurances came during separate meetings at the United Nations Headquarters between Commerce Minister Khandakar Abdul Muktadir and Head of the European Union Delegation to the United Nations Ambassador Stavros Lambrinidis, and Chair of the Group of 77 and China and Permanent Representative of Uruguay to the United Nations Ambassador Laura Dupuy Lasserre.

The minister was accompanied by State Minister for Planning Zonayed Saki, Economic Relations Division (ERD) Secretary Md Shahriar Kader Siddiky, Bangladesh Permanent Representative to the United Nations Ambassador Salahuddin Noman Chowdhury, Footwear, Leathergoods and Accessories Exporters' Association of Bangladesh (LFMEAB) President Syed Nasim Manzur and Bangladesh Garment Manufacturers and Exporters Association (BGMEA) President Mahmud Hasan Khan.

During the meetings, the commerce minister explained the rationale behind Bangladesh's request for a three-year extension of the LDC-graduation-preparatory period, citing the country's ongoing economic and political transition, global economic uncertainty, energy challenges and the need to consolidate structural reforms.

He reiterated the government's commitment to strengthening governance, reforming the financial sector, improving infrastructure, enhancing domestic resource mobilisation and creating a more investment-friendly business environment.

"The additional time would help consolidate reforms, remove infrastructure bottlenecks, strengthen industrial competitiveness and ensure that Bangladesh's graduation remains smooth, sustainable and irreversible," the minister was quoted as saying.

Ambassador Lambrinidis has welcomed the government's commitment to good governance and sustainable development and expressed the EU's continued support for Bangladesh's graduation process.

| SEE PAGE 7 COL 6

UNITED FINANCE AAA The Highest Credit Rating. 16354

| FROM PAGE 1 COL 8

He also welcomed the launch of discussions on a Bangladesh-European Union Free-Trade Agreement (FTA) and stressed the importance of stronger public-private cooperation to facilitate the transition, according to the press release.

Meanwhile, Ambassador Lasserre acknowledged the strength of Bangladesh's case for extending the preparatory period and praised the government's pragmatic reform agenda.

She reaffirmed the G77's support for Bangladesh and proposed a dedicated briefing for G77 member-states on the country's graduation strategy, a proposal welcomed by the Bangladesh delegation.

Following the meetings, the ERD Secretary, Shahriar Kader Siddiky, described the discussions with the EU delegation as "productive", saying that the bloc reiterated its continued support for Bangladesh's smooth,

forest, and climate change will discuss role of the climate-partnership platform, and implementation of the updated locally led adaptation framework.

To be discussed at the planning commission are issues like incorporation of the National Adaptation Plan and the Nationally Determined Contributions (NDC-U) priorities in all ministries' Annual Development Programmes, consolidation of all Bangladesh Climate Change Trust Fund projects under ADP system, and introduction of climate budgeting of all ADP projects.

The implementation status of the Integrated Energy and Power Master Plan (IEPMP) and Solar Irrigation Roadmap, and Renewable Energy Policy will be discussed with the Power Division.

In Bangladesh Bank, the meetings will focus on the effectiveness of the Green Transformation Fund Refinancing Scheme, effectiveness of the Policy on Green Bond Financing for Banks and Financial Institutions, and the effectiveness of Guidelines on Sustainability and Climate-Related Financial Disclosure for Banks and Financial Companies.

At the meetings at Road Transport and Highways Division, the AIIB officials will discuss the procurement of electric buses for public transport, status of the Revised Strategic Transport Masterplan for Dhaka, 2025-2034, implementation of the New Operational Strategy for Railways, and implementation of New Energy Use Standards for locomotive, among others.

A senior Finance Division official told The Financial Express Thursday the AIIB gives importance on green transformation and climate-change issues keeping in mind the changed global and environmental perspectives.

In the new multi-year funding pipeline, projects and

The Business Standard
18 JUL 2026

Reciprocal trade curbs halve exports through Benapole

TRADE - INDIA

TBS REPORT

Exports through Benapole Land Port to India nearly halved in the 2025-26 fiscal year as reciprocal trade restrictions imposed by Bangladesh and India continued to disrupt bilateral commerce.

The decline has hit Bangladesh's export earnings and government revenue while pushing hundreds of clearing and forwarding (C&F) agents, employees and port workers into financial hardship, stakeholders said.

Port sources said exports through Benapole fell to 1,89,358 tonnes in FY2025-26 from 3,81,440 tonnes a year earlier. Exports had stood at 4,56,672 tonnes in FY2023-24, indicating a steady decline over the past two fiscal years.

The port previously handled exports of jute and jute products, ready-made garments, chemicals, tissue paper, melamine products and fish. Traders said restrictions imposed by both countries have sharply reduced shipments of many of these goods.

The downturn is also reflected in truck movements. Between 1 and 15 July, during 13 working days, 3,038 Indian trucks carrying imports entered Bangladesh through Benapole, while only 753 Bangladeshi trucks crossed into India with export cargo. I SEE PAGE 4 COL 1

CONTINUED FROM PAGE 3

Under normal conditions, 450-500 Indian trucks and 250-300 Bangladeshi export trucks crossed the border daily. Now, imports have dropped to 200-300 trucks a day, while daily export trucks number fewer than 100.

Business leaders attributed the slowdown to reciprocal trade restrictions introduced after August 2024, compounded by the global economic slowdown. They said the restrictions have created a severe trade imbalance at Bangladesh's largest land port, affecting transport operators, warehouses, cargo handling businesses and thousands of workers on both sides of the border.

India suspended the use of its airports for Bangladeshi exports to third countries on 8 April 2025. Bangladesh later banned yarn imports through land ports to protect domestic textile mills. On 17 May, India imposed further restrictions on land-port imports of garments, cotton, plastics, wooden furniture and fruits, before suspending imports of jute and jute products on 26 June and later extending curbs to additional jute-based products.

Mustafizzoha Selim, office secretary of the Benapole C&F Agents Association, urged the government to pursue diplomatic efforts to remove India's restrictions while expanding access to alternative export markets.

Benapole Land Port Traffic Director Shamim Hossain said reciprocal restrictions and political developments had sharply reduced cargo movement through the country's busiest land port, cutting government revenue.

Jashore Chamber of Commerce President Mizanur Rahman Khan also urged the government to seek the removal of land-port restrictions while accelerating efforts to diversify export markets.

প্রথম আলো

18 JUL 2026

ইইউর বাজারে সবচেয়ে বেশি পিছিয়েছে বাংলাদেশ

তৈরি পোশাক রপ্তানি

চলতি বছরের প্রথম পাঁচ মাসে ইইউতে বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানি প্রায় ১৯% কমেছে, যা শীর্ষ ১০ রপ্তানিকারক দেশের মধ্যে সর্বোচ্চ।

নিজস্ব প্রতিবেদক, *ঢাকা*

বাংলাদেশের তৈরি পোশাক রপ্তানির প্রায় অর্ধেকই হয় ইউরোপীয় ইউনিয়নে (ইইউ)। কিন্তু সবচেয়ে বড় এই বাজারে দেশের অবস্থান নিয়ে নতুন উদ্বেগ তৈরি হয়েছে। কারণ, প্রতিযোগী দেশগুলোর তুলনায় বাংলাদেশের রপ্তানি সবচেয়ে বেশি কমেছে। একই সঙ্গে কমেছে পোশাকের গড় রপ্তানি মূল্যও।

ইইউতে তৈরি পোশাক রপ্তানিতে শীর্ষ ১০ দেশ হলো চীন, বাংলাদেশ, তুরস্ক, ভারত, ভিয়েতনাম, কম্বোডিয়া, পাকিস্তান, মরক্কো, শ্রীলঙ্কা ও ইন্দোনেশিয়া। ইউরোস্ট্যাটের তথ্য অনুযায়ী, চলতি বছরের জানুয়ারি থেকে মে পর্যন্ত প্রথম পাঁচ মাসে এসব দেশের মধ্যে বাংলাদেশের রপ্তানি সর্বোচ্চ প্রায় ১৯ শতাংশ কমেছে। একই সময়ে চীনের রপ্তানি প্রায় ৪ শতাংশ ও ভিয়েতনামের মাত্র দেড় শতাংশ কমেছে।

পোশাকের গড় মূল্য কমার ক্ষেত্রেও বাংলাদেশের অবস্থা ভীষণ খারাপ। এ ক্ষেত্রে বাংলাদেশের আগে রয়েছে শুধু পাকিস্তান। জানুয়ারি-মে সময়ে বাংলাদেশ থেকে রপ্তানি হওয়া তৈরি পোশাকের গড় মূল্য কমেছে প্রায় ৯ শতাংশ, যা পাকিস্তানের ক্ষেত্রে ১৯ শতাংশ। অন্যদিকে তুরস্কের রপ্তানি করা পোশাকের গড় মূল্য ১ দশমিক ৮১ শতাংশ এবং কম্বোডিয়ার ৫ দশমিক ১৪ শতাংশ বেড়েছে।

তৈরি পোশাক রপ্তানিকারকেরা বলছেন, ইরান-যুক্তরাষ্ট্র যুদ্ধের কারণে ইইউভুক্ত দেশগুলোতে নিত্যপণ্য ছাড়া অন্যান্য পণ্যের চাহিদা কমেছে। এর প্রভাব পড়েছে বাংলাদেশের পাশাপাশি অন্যান্য দেশের রপ্তানিতেও। তবে প্রতিযোগীদের তুলনায় বাংলাদেশের রপ্তানি বেশি কমে যাওয়া উদ্বেগের।

ইউরোস্ট্যাটের তথ্যে দেখা যায়, গত জানুয়ারি-মে পাঁচ মাসে ইইউর মোট তৈরি পোশাক আমদানি আগের বছরের একই সময়ের তুলনায় ৯ দশমিক ৯৬ শতাংশ কমে ৩৩ দশমিক ৮৪ বিলিয়ন ইউরোতে নেমেছে, যা আগের বছরের একই সময়ে ছিল ৩৭ দশমিক ৫৮ বিলিয়ন ইউরো।

এই সময়ে বাংলাদেশ থেকে ইইউতে ৭ দশমিক ২৭ বিলিয়ন ইউরোর তৈরি পোশাক রপ্তানি হয়েছে, যা আগের বছরের একই সময়ের তুলনায় ১৮ দশমিক ৮৯ শতাংশ কম। শুধু মূল্য নয়, পরিমাণের দিক থেকেও রপ্তানি কমেছে। আলোচ্য সময়ে বাংলাদেশ থেকে ৫২ কোটি কেজি তৈরি পোশাক রপ্তানি হয়েছে, যা আগের বছরের একই সময়ের তুলনায় ১০ দশমিক ৪৬ শতাংশ কম।

> **ব্যবসার সামগ্রিক পরিস্থিতি খারাপ থাকায় কম দামে ক্রয়াদেশ নেওয়ার অসুস্থ প্রতিযোগিতা তৈরি হয়েছে। এতে রপ্তানি হওয়া তৈরি পোশাকের দাম অস্বাভাবিকভাবে কমছে।**
>
> **আরশাদ জামাল,** চেয়ারম্যান, তুসুকা গ্রুপ

অন্যদিকে একই সময়ে চীন ইইউতে ৯ দশমিক ৫৯ বিলিয়ন ইউরোর তৈরি পোশাক রপ্তানি করেছে। দেশটির রপ্তানি কমেছে প্রায় ৪ শতাংশ।

ইউরোস্ট্যাটের তথ্যানুযায়ী, চলতি বছরের প্রথম পাঁচ মাসে তুরস্কের রপ্তানি কমেছে ১৫ দশমিক ৬৬ শতাংশ। এ ছাড়া ভারতের ১৩ দশমিক ৩৩ শতাংশ, ভিয়েতনামের ১ দশমিক ৫১ শতাংশ, কম্বোডিয়ার ১০ দশমিক ৭৭ শতাংশ এবং পাকিস্তানের ১৭ শতাংশ কমেছে।

এই সময়ে ইইউর আমদানি করা প্রতি ইউনিট বা প্রতি কেজি তৈরি পোশাকের গড় মূল্য ছিল ১৯ দশমিক ৬৯ ইউরো। বাংলাদেশের রপ্তানি করা পোশাকের গড় মূল্য ছিল ১৩ দশমিক ৯৬ ইউরো, যা আগের বছরের তুলনায় ৯ দশমিক ৪১ শতাংশ কম। অন্যদিকে চীনের গড় মূল্য কমেছে প্রায় ৬ শতাংশ।

সবচেয়ে বেশি ২৯ দশমিক ৪৪ ইউরো গড় মূল্যে তৈরি পোশাক রপ্তানি করেছে ভিয়েতনাম, যা আগের বছরের তুলনায় ১২ শতাংশ বেশি। এ ছাড়া তুরস্কের গড় মূল্য বেড়েছে ১ দশমিক ৮১ শতাংশ, যা কম্বোডিয়ার ৫ দশমিক ১৪ শতাংশ ও ইন্দোনেশিয়ার ৯ দশমিক ৩৫ শতাংশ।

জানতে চাইলে তুসুকা গ্রুপের চেয়ারম্যান ও তৈরি পোশাকশিল্প মালিকদের সংগঠন বিজিএমইএর সাবেক সহসভাপতি আরশাদ জামাল বলেন, গত ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচনের কারণে ইইউর ক্রেতা প্রতিষ্ঠানগুলো ক্রয়াদেশ কম দিয়েছে। এরপর যুদ্ধের কারণে চাহিদা কমেছে। ব্যাংকের বিভিন্ন বিধিনিষেধের কারণে অনেক মাঝারি কারখানা কাঁচামাল আমদানির জন্য ব্যাক টু ব্যাক ঋণপত্র খুলতে পারেনি। গ্যাস-বিদ্যুতের সংকটও মারাত্মকভাবে ভোগাচ্ছে। এসব কারণে ক্রেতাপ্রতিষ্ঠানের কাছে বাংলাদেশের আকর্ষণ কমছে।

আরশাদ জামাল আরও বলেন, ব্যবসার সামগ্রিক পরিস্থিতি খারাপ থাকায় কম দামে ক্রয়াদেশ নেওয়ার অসুস্থ প্রতিযোগিতা তৈরি হয়েছে। এতে রপ্তানি হওয়া তৈরি পোশাকের দাম অস্বাভাবিকভাবে কমছে।

প্রথম আলো

18 JUL 2026

কাঁচা পাটের দামেই বাড়ল রপ্তানি

পাট ও পাটজাত পণ্য

উচ্চ মূল্যের কারণেই অর্থের হিসাবে পাটপণ্যের রপ্তানি বেড়েছে। তবে পরিমাণের দিক থেকে রপ্তানি বাড়েনি। যদিও সেই সম্ভাবনা আছে।

শুভংকর কর্মকার, *ঢাকা*

দেশে পাটের সোনালি সময় এখন অতীত। তবু রপ্তানি বাণিজ্যে পাট ও পাটপণ্যের গুরুত্ব কমেনি। টানা চার বছর পাট ও পাটপণ্যের রপ্তানি কমার পর আবার ঘুরে দাঁড়িয়েছে। সদ্য বিদায়ী ২০২৫-২৬ অর্থবছরে গত তিন বছরের মধ্যে সর্বোচ্চ পাট ও পাটপণ্য রপ্তানি হয়েছে। যদিও করোনাকালের রেকর্ড রপ্তানি থেকে এখনো অনেক পিছিয়ে রয়েছে খাতটি।

এক দশক পাট ও পাটপণ্যের রপ্তানি ১ বিলিয়ন (১০০ কোটি) ডলারের কাছাকাছি থাকলেও করোনাকালে অর্থাৎ ২০২০-২১ অর্থবছরে একলাফে তা ১ দশমিক ১৬ বিলিয়ন ডলারে উন্নীত হয়, যা ১৬ বছরের মধ্যে সর্বোচ্চ। তারপর টানা চার বছর খাতটির রপ্তানি কমেছে। তবে সদ্য বিদায়ী ২০২৫-২৬ অর্থবছরে পাট ও পাটপণ্যের রপ্তানি পৌনে ৮ শতাংশ বেড়ে দাঁড়িয়েছে ৮৮ কোটি মার্কিন ডলার। এই রপ্তানি গত তিন অর্থবছরের মধ্যে সর্বোচ্চ।

পাটপণ্যের রপ্তানিকারকেরা বলছেন, বন্যার কারণে গত বছর পাট উৎপাদন ক্ষতিগ্রস্ত হয়। সে কারণে কাঁচা পাটের দাম বেড়ে যায়। উচ্চ মূল্যের কারণেই অর্থের হিসাবে পাটপণ্যের রপ্তানি বেড়েছে। তবে পরিমাণের দিক থেকে রপ্তানি বাড়েনি। যদিও পরিমাণের দিক থেকেও রপ্তানি বৃদ্ধির সম্ভাবনা আছে। সে জন্য কাঁচা পাটের সরবরাহব্যবস্থা মসৃণ করতে কার্যকর উদ্যোগ নিতে হবে। গবেষণা ও পণ্যের মান উন্নয়নের পাশাপাশি যৌথভাবে হলেও এ খাতে বিদেশি বিনিয়োগ বাড়াতে হবে।

বিশ্বে পাট উৎপাদনে বাংলাদেশ দ্বিতীয়। বছরে দেশে ৯০ লাখ বেল পাট উৎপাদিত হয়। পাটপণ্যের রপ্তানি ৫০০ কোটি ডলারে উন্নীত করা সম্ভব বলে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষের (বিডা) এক প্রতিবেদনে উল্লেখ করা হয়। যদিও রপ্তানি বাড়াতে করণীয় বিষয়ে কার্যকর কোনো উদ্যোগ সরকারের দিক থেকে দেখা যায়নি।

চার বছর পর ঘুরে দাঁড়াল পাট রপ্তানি

(কোটি ডলারে)

সূত্র : ইপিবি

রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) তথ্যানুযায়ী, বাংলাদেশ থেকে কাঁচা পাটের পাশাপাশি পাটের সুতা, বস্তা ও বহুমুখী পাটপণ্য রপ্তানি হয়। এসব পণ্য তুরস্ক, চীন, ভারত, মিসর, উজবেকিস্তান, ইন্দোনেশিয়া, মরক্কো, সংযুক্ত আরব আমিরাত (ইউএই), জর্ডান, পাকিস্তান, রাশিয়া ও ইরানসহ বিভিন্ন দেশে রপ্তানি হয়ে থাকে। বিদায়ী অর্থবছর কাঁচা পাটের রপ্তানি ১১ শতাংশ কমে ১৩ কোটি ডলারে দাঁড়িয়েছে। যদিও পরিমাণের দিক থেকে কাঁচা পাটের রপ্তানি কমেছে প্রায় ৭৭ শতাংশ। বিদায়ী অর্থবছরে ৩৮ হাজার টন কাঁচা পাট রপ্তানি হয়। ২০২৪-২৫ অর্থবছরে কাঁচা পাট রপ্তানি হয়েছিল ১ লাখ ৬৭ হাজার টন।

বিদায়ী অর্থবছরে পাটের বস্তার রপ্তানি ৫ শতাংশ বেড়ে ১৩ কোটি ডলারে দাঁড়িয়েছে; আর পাটের সুতার রপ্তানি ১৮ শতাংশ বেড়ে ৪৯ কোটি ডলার হয়েছে। যদিও পরিমাণের দিক থেকে পাটের সুতার রপ্তানি কমেছে ২ শতাংশ। বিদায়ী অর্থবছরে ৪ লাখ ২৮ হাজার টন পাটের সুতা রপ্তানি হয়। তার আগের অর্থবছর রপ্তানি হয়েছিল ৪ লাখ ৩৮ হাজার টন।

জানতে চাইলে বাংলাদেশ জুট স্পিনার্স অ্যাসোসিয়েশনের (বিজেএসএ) সভাপতি তাপস প্রামাণিক *প্রথম আলো*কে বলেন, বিদায়ী অর্থবছর প্রতি মণ কাঁচা পাট ৫ হাজার ৫০০ থেকে ৬ হাজার টাকায় কিনতে হয়েছে। তার আগের বছরও এর দাম তিন হাজার থেকে সাড়ে তিন হাজার টাকা ছিল। মূল্যবৃদ্ধির কারণে ১ হাজার ডলারের পণ্যের দাম বেড়ে ১ হাজার ২০০ থেকে ১ হাজার ৩০০ ডলার হয়েছে। সে কারণে অর্থের হিসাবে রপ্তানি বেড়েছে। তিনি আরও বলেন, পাটপণ্যের রপ্তানি অনায়াসে দুই-তিন বিলিয়ন ডলারে নিয়ে যাওয়া সম্ভব। তার জন্য কাঁচামালের সরবরাহব্যবস্থা মসৃণ করতে হবে। সেই সঙ্গে নতুন বাজারে রপ্তানির জন্য প্রণোদনার ব্যবস্থা করতে হবে।

বহুমুখী পাটপণ্যে বড় সম্ভাবনা

বিশ্বজুড়ে পাটজাত পণ্য, বিশেষ করে বহুমুখী পাটপণ্যের সবচেয়ে বেশি সম্ভাবনা থাকলেও সেই রপ্তানি কম বাংলাদেশের। বিদায়ী অর্থবছর ৭ কোটি ৪৪ লাখ ডলারের বহুমুখী পাটপণ্য রপ্তানি হয়েছে। এই রপ্তানি তার আগের অর্থবছরের তুলনায় প্রায় ১১ শতাংশ কম।

উদ্যোক্তারা বলছেন, ইরান যুদ্ধের কারণে বহুমুখী পাটপণ্যের বড় বাজার ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) ক্রয়াদেশ কমেছে ২০ থেকে ২৫ শতাংশ। মূলত জ্বালানির উচ্চ মূল্যের কারণে নিত্যপণ্যের বাইরে অন্যান্য পণ্যের বিক্রি কমে গেছে। তা ছাড়া কাঁচা পাটের দাম বেড়ে যাওয়ার কারণে বহুমুখী পাটপণ্য উৎপাদনে ব্যয় বেড়েছে। সে জন্যও ক্রয়াদেশ কিছুটা কমেছে।

জানা যায়, বৈশ্বিক বাজারে পাটের তৈরি গৃহসজ্জার পণ্যের চাহিদার পাশাপাশি পাটের তৈরি শপিং ব্যাগ, টেকনিক্যাল টেক্সটাইল, তৈরি পোশাক, গার্ডেনিং বা বাগান, অটোমোবাইল ও প্যাকেজিংয়ে পাটপণ্যের চাহিদাও বাড়ছে। এ ছাড়া পাটকাঠির তৈরি চারকোলের চাহিদাও রয়েছে চীনসহ বিভিন্ন দেশে।

জানতে চাইলে বহুমুখী পাটপণ্য রপ্তানিকারক প্রতিষ্ঠান ক্রিয়েশনের এমডি মো. রাশেদুল করিম বলেন, 'পাটের সুতা ও বস্তায় প্রতি টনে খুবই কম মুনাফা করেন আমাদের ব্যবসায়ীরা। ফলে কাঁচা পাটের দাম বেড়ে গেলে মুনাফা ধরে রাখতে হিমশিম খান তাঁরা। পাট খাতের রপ্তানি বাড়াতে হলে বহুমুখী পণ্য উৎপাদন ছাড়া কোনো বিকল্প নেই। এ ক্ষেত্রে চীন, ভারতের মতো কয়েকটি দেশ এগিয়ে গেছে। তাই বহুমুখী পাটপণ্যের রপ্তানি বাড়াতে হলে নতুন নতুন পণ্য উন্নয়নে গবেষণার পাশাপাশি এই খাতে বিদেশি বিনিয়োগ নিয়ে আসতে হবে। তাহলে দেশীয় উদ্যোক্তারা নিজেদের সক্ষমতা বাড়াতে পারবেন।'

বাণিজ্য তথ্য কেন্দ্র
ঢাকা।
রপ্তানি উন্নয়ন ব্যুরো

বণিক বার্তা

18 JUL 2026

বৈঠকে বাণিজ্যমন্ত্রীকে আশ্বাস

এলডিসি উত্তরণে বাংলাদেশের পাশে থাকবে ইইউ-জি৭৭

নিজস্ব প্রতিবেদক ■

স্বল্পোন্নত দেশ (এলডিসি) থেকে মসৃণ, টেকসই ও স্থায়ী উত্তরণ নিশ্চিতে বাংলাদেশের প্রচেষ্টায় পাশে থাকার আশ্বাস দিয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) এবং গ্রুপ অব সেভেনটি সেভেন অ্যান্ড চায়না (জি৭৭)।

গতকাল ঢাকায় প্রকাশিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। জাতিসংঘ সদর দপ্তরে বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদিরের সঙ্গে পৃথক বৈঠকে এ আশ্বাস দেন জাতিসংঘে ইইউর প্রতিনিধি দলের প্রধান রাষ্ট্রদূত স্তাভরস লামব্রিনিদিস এবং জি৭৭ ও চীনের চেয়ারম্যান ও জাতিসংঘে উরুগুয়ের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত লরা দুপুই লাসেরে।

বৈঠকে বাণিজ্যমন্ত্রী এলডিসি উত্তরণের প্রস্তুতিকাল আরো তিন বছর বাড়ানোর জন্য বাংলাদেশের অনুরোধের যৌক্তিকতা তুলে ধরেন। তিনি বলেন, 'বাংলাদেশ বর্তমানে অর্থনৈতিক ও রাজনৈতিক রূপান্তরের মধ্য দিয়ে যাচ্ছে। বৈশ্বিক অর্থনৈতিক অনিশ্চয়তা ও জ্বালানি সংকটের মধ্যে কাঠামোগত সংস্কার সুসংহত করতে অতিরিক্ত সময় প্রয়োজন।'

সুশাসন জোরদার, আর্থিক খাতের উন্নয়ন, অবকাঠামো সম্প্রসারণ, দেশীয় সম্পদ আহরণ বাড়ানো ও বিনিয়োগবান্ধব ব্যবসায়িক পরিবেশ গড়ে তুলতে সরকারের অঙ্গীকারের কথা পুনর্ব্যক্ত করেন বাণিজ্যমন্ত্রী। তিনি বলেন, 'বাড়তি সময় পেলে সংস্কার আরো সুসংহত হবে, অবকাঠামোগত সীমাবদ্ধতা দূর হবে এবং শিল্প খাতের প্রতিযোগিতা সক্ষমতা বাড়বে। এতে বাংলাদেশের এলডিসি উত্তরণ মসৃণ, টেকসই ও অপরিবর্তনীয় থাকবে।'

সুশাসন ও টেকসই উন্নয়নে বাংলাদেশ সরকারের অঙ্গীকারের প্রশংসা করেন রাষ্ট্রদূত লামব্রিনিদিস। বাংলাদেশ-ইইউ মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) নিয়ে আলোচনা শুরুর বিষয়টিকে স্বাগত জানান তিনি। পাশাপাশি বাংলাদেশের এলডিসি উত্তরণে ইইউর সহায়তা অব্যাহত রাখার আশ্বাস দেন। এ রূপান্তরের কাজ সহজ করতে সরকারি-বেসরকারি খাতের মধ্যে সহযোগিতা আরো জোরদার করার ওপর গুরুত্ব দেন।

অন্যদিকে রাষ্ট্রদূত লরা দুপুই লাসেরে এলডিসি উত্তরণের প্রস্তুতিকাল বাড়ানোর পক্ষে বাংলাদেশের যুক্তিকে শক্তিশালী বলে উল্লেখ করেন। সরকারের বাস্তবমুখী সংস্কার পরিকল্পনার প্রশংসা করে তিনি জানান, এ বিষয়ে জি৭৭-এর সমর্থন অব্যাহত থাকবে। একই সঙ্গে বাংলাদেশের উত্তরণ কৌশল নিয়ে জি৭৭-ভুক্ত দেশগুলোর জন্য একটি পৃথক ব্রিফিং আয়োজনের প্রস্তাব দেন, যা বাংলাদেশ প্রতিনিধি দল স্বাগত জানায়।

ঢাকা।